182. Jc. 872. 6.

ব্রাহ্ম-বিবাহ

ধর্ম্মশাস্ত্রানুসারে সিদ্ধ কি না ?

এতদ্বিষয়ক প্রস্তাব

শ্রীযুক্ত আনন্দচন্দ্র বেদান্তবাগীশ কর্ত্তৃক

লিখিত

নানা সমাজস্থ প্রধান প্রধান অধ্যাপক
দিগের নিকট হইতে গৃহীত ব্যবস্থাপত্র
ও অভিমত সহিত

আদি ব্রাহ্মসমাজের যন্ত্র

শ্রী কালিদাস চক্রবর্ত্তির দ্বারা মুদ্রিত।

পৌষ ১৭৯৪ শক।

বিজ্ঞাপন।

ব্রাহ্মধর্ম্ম হিন্দুধর্ম্মেরই মূল ইহা হইতেই অধিকারি ভেদে নানা প্রকারে হিন্দুধর্ম্ম শাখা পল্লবিত হইয়া ক্রমশ বহু কালে শেষে আসিয়া পৌত্তলিকতায় পরিণত হইয় ছে ৩জ্জন্য অপৌত্তলিক ব্রাহ্মগণ যেমন উপাসনায় পৌত্তলিকতা পরিত্যাগ করিয়াছেন, সেই রূপ গৃহ্যকর্ম্ম অনুষ্ঠান করিবার সময়েও অপৌত্তলিকতা রক্ষা কবিবার নিমিত্তে ধর্ম্মশাস্ত্রানুযায়ী অনুষ্ঠান পদ্ধতির স্থানে স্থানে কিঞ্চিৎ পরিবর্ত্ত করিয়া তাহা হইতেই অপৌত্তলিক ভাব গ্রহণ পূর্ব্বক হিন্দু-প্রণালী অনুসাবে অনুষ্ঠান কার্য্য সম্পন্ন কবিযা আসিতেছেন আধুনিক ব্রাহ্মধর্ম্মাবলম্বী কতকগুলিন চঞ্চল স্বভাব লোক, সম্প্রতি আপনারদিগকে হিন্দু বলিয়া পরিচয় দিতে অস্বীকৃত হইয়া, হিন্দু পদ্ধতি পরিত্যাগ পূর্ব্বক, হিন্দু, মুসলমান ও খৃষ্টীয়ান প্রভৃতি নানা জাতীয় কিছু কিছু প্রণালী লইয়া বিবাহাদিব এক নূতন প্রণালী গঠন পূর্ব্বক বিবাহ ক্রিয়া প্রচলন করিতে আরম্ভ করিয়াছেন। তাঁহারদিগের সেই বিবাহ প্রণালী কোন প্রকারেই ধর্ম্মশাস্ত্রে সিদ্ধ নহে, সুতরাং তাঁহাদিগের রাজ নিয়ম দ্বারা তাহা সিদ্ধ করিবার আবশ্যক হওযাতে, তাঁহারা আপনারদিগের ঐ বিবাহ রাজ নিযম দ্বারা বিধিবদ্ধ হইবার প্রার্থনায় রাজদ্বারে আবেদন করেন কিন্তু ঐ আবেদন পত্রে ব্রাহ্ম বিবাহ বলিয়া উল্লেখ থাকাতে আদি ব্রাহ্মসমাজস্থ হিন্দু ব্রাহ্মেরা উহাকে ব্রাহ্মবিবাহ বলিয়া রাজ বিধিতে উল্লেখ করিতে আপত্তি করেন তাহাতে আধুনিক ব্রাহ্মেরা ভাবিলেন, যদি আদি ব্রাহ্মসমাজস্থ ব্রাহ্মদিগের বিবাহ ধর্ম্মশাস্ত্রানুসারে কোন কৌশলে অসিদ্ধ করিতে পারা যায়, তাহা হইলেই ইহাঁরদিগের আর আপত্তি থাকিবে না এই বিবেচনায় আধুনিক ব্রাহ্মেরা আদি ব্রাহ্মসমাজস্থ ব্রাহ্মদিগের বিপক্ষতাচরণ পূর্ব্বক

কুশণ্ডিকাদি ব্যতীত বিবাহ ধর্ম্মশাস্ত্রানুসারে সিদ্ধ হয় কি না, এই রূপ প্রশ্ন করিয়া কাশীস্থ ধর্ম্মশাস্ত্র ব্যবসায়ী অধ্যাপকদিগের নিকট ব্যবস্থাপত্র প্রার্থনা করেন, কিন্তু তথা হইতে তাঁহারা যে ব্যবস্থাপত্র পাইয়াছেন, তাহাতে তাঁহারা ঐ বিষয়ে কৃতকার্য্য হইতে পারেন নাই। যদিও অধ্যাপকেরা তাঁহারদিগকে যে ব্যবস্থা পত্র দিয়াছেন, তাহাতেই তাঁহাদিগের বিপরীত ফল ফলিত হইয়াছেএবং আদি ব্রাহ্মদিগের বিবাহ পদ্ধতি ধর্ম্মশাস্ত্র সিদ্ধ বলিয়া প্রতিপাদিত হইয়াছে, তথাপি আদি ব্রাহ্মসমাজস্থ ব্রাহ্মেরা নানা সমাজ হইতে তদ্বিষয়ে যে ব্যবস্থা পত্র আনয়ন করিয়াছেন এবং ধর্ম্মশাস্ত্রালোচনায় তাহাতে আরও যতদূর প্রাপ্ত হওয়া যাইতে পারে, তৎসমুদায় সংগ্রহ পূর্ব্বক আমি ইহাতে লিপিবদ্ধ করিয়া প্রচারিত করিলাম। বোধ হয় ইহা দেখিয়া আধুনিক ব্রাহ্মেরা আদি ব্রাহ্মদিগের বিবাহ পদ্ধতি অসিদ্ধ বলিয়া প্রতিপন্ন করিবার চেষ্টায় আর কোন কথা উত্থাপন করিতে পারিবেন না ইতি।

শ্রী আনন্দচন্দ্র বেদান্তবাগীশস্য।

—:০:—

ব্রাহ্ম-বিবাহ

ধর্ম্মশাস্ত্রানুসারে সিদ্ধ কি না ?

কুশণ্ডিকা ব্যতীত বিবাহ সিদ্ধ হয় কি না, এতদ্বিষয় নির্ণীত হইলেই ব্রাহ্ম-বিবাহ ধর্ম্মশাস্ত্রানুসারে সিদ্ধ কি না, তাহা নিরূপিত হইবে, অতএব কুশণ্ডিকা ব্যতীত বিবাহ সিদ্ধ হয় কি না, প্রথমত তাহা নিরূপণ করা যাইতেছে ।

কুশণ্ডিকা ব্যতীত বিবাহ সিদ্ধ হয় কি না, এতদ্বিষয় নির্ণয় করিতে হইলে প্রথমত বঙ্গ-দেশ প্রচলিত বিবাহে কি কি কার্য্য হইয়া থাকে, তাহা নিরূপণ করা আবশ্যক, অতএব আদৌ তাহাই লিখিত হইতেছে ।

এদেশে ব্রাহ্মণদিগের বিবাহ দিনে নান্দীমুখ শ্রাদ্ধ, রাত্রিতে সংপ্রদান ও গ্রহণ মাত্র হইয়া থাকে এবং পর দিন বা কিছু দিন পরে কুশণ্ডিকা, হোম, পাণিগ্রহণ ও সপ্তপদী গমন হয় কিন্তু শূদ্রেরা প্রায় বিবাহ কালেই অর্থাৎ সংপ্রদান ও গ্রহণের পরেই শাস্ত্র বিধান উল্লঙ্ঘন করিয়া যথাকথঞ্চিৎ রূপে উক্ত কর্ম্ম সকল সারিয়া লয় । ইহাতে সামান্যত এই মাত্র প্রাপ্ত হওয়া যাইতেছে যে, যে কোন

প্রকারেই হউক এদেশে বিবাহে নান্দীমুখ শ্রাদ্ধ, সংপ্রদান, গ্রহণ, কুশণ্ডিকা, হোম, পাণিগ্রহণ ও সপ্তপদী গমন, এই সাতটী মাত্র কর্ম্ম প্রচলিত আছে।

এক্ষণে উক্ত সাতটী কর্ম্মের মধ্যে কোন্‌টীর স্বরূপ কি প্রকার ও কোন্‌টীর ফল কি? ক্রমশ তাহা নিরূপণ করা যাইতেছে।

প্রথম—নান্দীমুখ শ্রাদ্ধ। নান্দীমুখ শব্দের অর্থ পিতৃগণ, অর্থাৎ সাম বেদীর পিতা প্রভৃতি তিন ও মাতামহ প্রভৃতি তিন মাত্র, কিন্তু যজুর্ব্বেদীর পিতা প্রভৃতি তিন, মাতামহ প্রভৃতি তিন এবং মাতা প্রভৃতি তিন, এই নয় জন গৃহীত হইয়া থাকে, এবং ইহাঁর দিগের যে শ্রাদ্ধ তাহারই নাম নান্দীমুখ শ্রাদ্ধ এবং ইহাকেই বৃদ্ধি শ্রাদ্ধ ও আভ্যুদয়িক শ্রাদ্ধ বলে। ইহার ফল উক্ত পিতৃগণের তৃপ্তি সাধন মাত্র। ষষ্ঠী ষোড়শ মাতৃকা পূজা বসুধার প্রভৃতি সমুদায় কর্ম্মই এই নান্দীমুখ শ্রাদ্ধের অন্তর্গত।

দ্বিতীয়—সংপ্রদান। এস্থলে সংপ্রদান শব্দের অর্থ প্রথমত প্রপিতামহ অবধি বর পর্য্যন্ত, পরে প্রপিতামহ অবধি কন্যা পর্য্যন্ত, এই উভয় পক্ষের চারি চারি ব্যক্তির নাম, গোত্র ও প্রবর তিন তিন বার উল্লেখ পূর্ব্বক যথা বিধানে কন্যা দান এই সংপ্রদানের ফল পিতার স্বত্ব নিবৃত্তি পূর্ব্বক বরের স্বামিত্ব প্রাপ্তি মাত্র যথা মনুঃ "প্রদানং স্বাম্য-করণমিতি।" সংপ্রদান স্বামিত্বের কারণ। স্বস্তিবাচন প্রভৃতি স্ত্রী আচার, গ্রন্থিবন্ধন, অন্যোন্যাবলোকন ও গৃহ প্রবেশ পর্য্যন্ত অপরাপর সমুদায় কর্ম্মই এই সংপ্রদানের অন্তর্গত।

তৃতীয়—গ্রহণ। ভার্য্যাত্বসম্পাদক জ্ঞান পূর্ব্বক স্বীকার, অর্থাৎ অদ্য অবধি ইনি আমার ভার্য্যা হইলেন, এই রূপ জানিয়া স্বস্তি বলিয়া স্ত্রী রূপে স্বীকার করাই এস্থলে গ্রহণ শব্দে কথিত হয়। ইহার ফল দম্পতী বন্ধন। এই বন্ধনে আবদ্ধ হইলে এদেশে আমরণ তাহা আর কোন প্রকারে ছিন্ন হয় না।

চতুর্থ—কুশণ্ডিকা। কুশণ্ডিকা শব্দের অর্থ অগ্নির সংস্কার ক্রিয়া মাত্র, অতএব স্থণ্ডিল নির্ম্মাণ ও বহ্নি স্থাপন প্রভৃতি বিরূপাক্ষ জপ পর্য্যন্ত যাহা উপনয়নাদি কর্ম্মে ও দুর্গোৎসব প্রভৃতি প্রায় সমুদায় কর্ম্মে সাধারণ রূপে বিহিত আছে, তাহাই সর্ব্ব সাধারণ কুশণ্ডিকা শব্দে অভিহিত হইয়া থাকে, এই নিমিত্তে ভবদেব ভট্ট সামবেদীয় অনুষ্ঠান পদ্ধতির প্রথমেই লিখিয়াছেন।

তত্র সর্ব্বেষামাহুতিযুক্তকর্ম্মণাং কুশণ্ডিকাসংস্কৃতাগ্নিসাধ্যত্বাৎ কুশণ্ডিকৈব প্রথমমভিধীয়তে

আহুতি যুক্ত সকল কর্ম্মই কুশণ্ডিকা বিহিত সংস্কৃত অগ্নি সাধ্য প্রযুক্ত কুশণ্ডিকাই প্রথমে কহিতেছি।

ইহা বলিয়া স্থণ্ডিল নির্ম্মাণ, বহ্নি স্থাপন ও বিরূপাক্ষ জপ পর্য্যন্ত লিখিয়া শেষে,

ইতি সর্ব্বকর্ম্মসাধারণী কুশণ্ডিকা

ইহাকেই সর্ব্বকর্ম্ম সাধারণ কুশণ্ডিকা বলে, এই রূপ লিখিয়াছেন।

পশুপতিকৃত যজুর্ব্বেদীয় দশকর্ম্ম দীপিকায় স্থালীপাক কর্ম্মের আরম্ভে,

অথ কুশণ্ডিকাভিধীয়তে।

এক্ষণে কুশণ্ডিকা বলিতেছি,

ইহা কহিয়া ঐ সকল কর্ম্মগুলি লিখিত হইয়াছে।

কালেশিষ্কৃত ঋগ্বেদীয় দশকর্ম্ম পদ্ধতিতে আছে, অত্র যস্মিন্ কর্ম্মণি হোমোবিদ্যতে তত্র প্রথমং কুশণ্ডিকা বোদ্ধব্যা, সংস্কৃতাগ্নিসাধ্যত্বাদ্ধোমস্য, কুশণ্ডিকা চাগ্নিসংস্কারঃ।

যে যে কর্ম্মে হোম বিহিত আছে, সেই সেই কর্ম্মের প্রথমেই কুশণ্ডিকার কর্ত্তব্যতা বুঝিতে হইবে, যে হেতু হোম সংস্কৃতাগ্নিসাধ্য। অগ্নির সংস্কারের নামই কুশণ্ডিকা। এই কুশণ্ডিকার ফল অগ্নির অসাধারণতা মাত্র।

পঞ্চম—হোম। ঘৃত বা ঘৃত সংযুক্ত বিশেষ বিশেষ দ্রব্য দ্বারা আহুতি প্রদানের নাম হোম। সমুদায় কর্ম্মেই উক্ত রূপ কুশণ্ডিকা অর্থাৎ অগ্নির সংস্কার করিয়া ঘৃত দ্বারা বা বিশেষ বিশেষ কর্ম্মে সেই সংস্কৃত অগ্নিতে বিশেষ বিশেষ দ্রব্য দ্বারা হোম লিখিত হইয়াছে। যথা দুর্গোৎসবাদিতে বিল্বপত্র দ্বারা হোম, বিষ্ণু পূজায় করবীর পুষ্প দ্বারা হোম, এবং বিবাহে লাজা দ্বারা হোম, ইত্যাদি নানা কর্ম্মে নানা দ্রব্যে হোম হইয়া থাকে। বিবাহে ঘৃত দ্বারা অন্যান্য আহুতি প্রদান পূর্ব্বক এই রূপ লাজা হোমের নামই বৈবাহিক হোম বলিয়া থাকে। যজুর্ব্বেদীর উক্ত রূপ কুশণ্ডিকা অর্থাৎ অগ্নির সংস্কার করিয়া সেই অগ্নির সম্মুখে সংপ্রদান ও গ্রহণ এবং পরে সেই অগ্নিতেই বৈবাহিক হোম করিবার বিধি আছে। কিন্তু সামবেদীর সংপ্রদান ও গ্রহণের পরে কুশণ্ডিকা অর্থাৎ অগ্নির সংস্কার ও বৈবাহিক

হোম করিতে হয়। এই হোমের ফল মঙ্গলার্থ স্বস্ত্যয়ন মাত্র, যথা উদ্বাহ তত্ত্বে,

মঙ্গলার্থং স্বস্ত্যয়নং যজ্ঞস্তাসাং — পতেঃ।
প্রযুজ্যতে বিবাহেষু ইত্যাদি মনুবচনং স্বস্ত্যয়নং
কুশলেন কালাতিবাহনহেতুকং করণসাধনাৎকণক-
ধারণাদি, ওঁ স্বস্তি ভবন্তোব্রুবন্ত্বিতি চ, যশ্চ
প্রজাপতিদৈবতো বৈবাহিকো হোমস্তৎ সর্ব্বং
মঙ্গলার্থং। অভিমতার্থসিদ্ধির্ম্মঙ্গলং তদর্থমবৈ-
ধব্যার্থমিতি যাবৎ।

প্রজপতির যজ্ঞ অর্থাৎ হোম তাহারদিগের মঙ্গলার্থ স্বস্ত্যয়ন মাত্র বিবাহে প্রয়োগ হয় ইত্যাদি মনুবচন। স্বস্ত্যয়ন শব্দের অর্থ কুশলে কালাতিপাতের হেতু করণ সাধন প্রযুক্ত স্বর্ণালঙ্কার ধারণ প্রভৃতি, আর স্বস্তিবাচন ও প্রজাপতি দৈবত হোম ইত্যাদি সমুদায়ই মঙ্গলার্থ। অভিমত অর্থ সিদ্ধির নাম মঙ্গল, তদর্থ অর্থাৎ অবৈ-ধব্যার্থ।

ষষ্ঠ—পাণিগ্রহণ। কতকগুলি মন্ত্র উচ্চারণ পূর্ব্বক বরকর্ত্তৃক স্বীয় অঞ্জলি দ্বারা কন্যার অঞ্জলি গ্রহণ করার নাম পাণিগ্রহণ। ইহার ফল পিতৃগোত্র পরিত্যাগ পূর্ব্বক স্বামীর গোত্র প্রাপ্ত হওয়া মাত্র।

সপ্তম—সপ্তপদীগমন। সাতটী মন্ত্র উচ্চারণ পূর্ব্বক পাদবিক্ষেপ করা, অর্থাৎ প্রত্যেক মন্ত্রে এক এক মণ্ডলিকায় পদক্ষেপ করিয়া গমন করাকে সপ্তপদী গমন বলে। ক্ষত্রিয়দিগের এই স্থলে মণ্ডলিকার পরিবর্ত্তে সাত খানি থালের উপর ক্রমশ পা দিয়া গমন করিবার রীতি প্রচলিত

আছে। ইহার ফল পাণিগ্রহণ মন্ত্র সকলের সমাপ্তি মাত্র, যথা মনুঃ,

পাণিগ্রহণিকা মন্ত্রা নিয়তং দারলক্ষণং।
তেষাং নিষ্ঠা তু বিজ্ঞেয়া বিদ্বদ্ভিঃ সপ্তমে পদে ইতি

পাণিগ্রহণ মন্ত্র সকল দারার লক্ষণ, সপ্তপদী গমনে তাহাদিগের নিষ্ঠা অর্থাৎ সমাপ্তি হয়, ইহা পণ্ডিতেরা জ্ঞাত আছেন।

ইহা ভিন্ন বিবাহে আর যাহা কিছু কর্ম্ম হইয়া থাকে, সে সমুদায়ই এই সাতটীর মধ্যে কোন না কোনটীর অন্তর্গত দেখিতে পাওয়া যায়।

বিবাহে যে এই সাতটী মাত্র কর্ম্ম হইয়া থাকে, ইহার মধ্যে কোন্‌টীর নাম বিবাহ এবং কোন্‌টী প্রধান ও কোন্‌গুলিন অঙ্গ, তাহা নিরূপণ করা আবশ্যক, অতএব তদ্বিষয়ক শাস্ত্রালোচনায় প্রবৃত্ত হইয়া সর্ব্বাগ্রে বিবাহের লক্ষণ নিরূপণ করিতেছি। যথা উদ্বাহতত্ত্বে,

অসপিণ্ডা চ যা মাতুরসগোত্রা চ যা পিতুঃ।
সা প্রশস্তা দ্বিজাতীনাং দারকর্ম্মণি মৈথুনে ইতি।

দারকর্ম্মণি ভার্য্যাত্বসম্পাদকে কর্ম্মণি, তচ্চ কর্ম্ম গ্রহণরূপং, সদৃশানাহরেদ্দারান্ ইতি যমবচনাৎ, অতঃ পরং সমাবৃত্তঃ কুর্য্যাদ্দারপরিগ্রহমিতি সম্বর্ত্তবচনাৎ, ভার্য্যাং বিন্দেত সদৃশীমিত্যাদি বিষ্ণ্বাদিবচনাচ্চ। তেন ভার্য্যাত্বসম্পাদকং গ্রহণং বিবাহঃ তস্য স্বীকারস্বরূপজ্ঞানবিশেষস্য সমবায়বিষয়তয়োর্ভেদাৎ বরকন্যায়োর্বিবাহকর্ত্তৃত্বকর্ম্মত্বে, অতএব কন্যাপুত্রবিবাহেষ্বিতি বিষ্ণুপুরাণোক্তং সঙ্গচ্ছতে।

যে কন্যা মাতামহের সাপিণ্ড বা পিতার সগোত্র নহে,

সেই কন্যা ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্যের দার কর্ম্মে ও মৈথুনে প্রশস্ত। দার কর্ম্ম শব্দের অর্থ ভার্য্যাত্ব সম্পাদক কর্ম্ম, সেই যে কর্ম্ম, তাহা গ্রহণ রূপ, যেহেতু যমস্মৃতিতে সদৃশ দ্বারা গ্রহণ করিবেক, সম্বর্ত্ত স্মৃতিতে সমাবর্ত্তনের পর দার পরিগ্রহ করিবেক, এবং বিষ্ণু স্মৃতিতে সদৃশীকে ভার্য্যা বলিয়া জ্ঞাত হইবেক, এই রূপ লিখিত আছে অতএব ভার্য্যাত্ব সম্পাদক যে গ্রহণ, তাহারই নাম বিবাহ। সেই স্বীকার রূপ জ্ঞান বিশেষের সমবায় সম্বন্ধ ও বিষয়িতা সম্বন্ধের ভেদে বিবাহ বিষয়ে বর ও কন্যার কর্ত্তৃত্ব ও কর্ম্মত্ব হয়, ইহাতেই বিষ্ণু পুরাণে কন্যা পুত্র বিবাহে বলিয়া যে উক্তি আছে, তাহা সঙ্গত হইল। আর

স ব্রাহ্মাভিধানো বিবাহো যস্মিন্নুক্তলক্ষণবরায় আহূয় যথাশক্ত্যলঙ্কৃতা কন্যা দীয়তে ইতি মিতাক্ষরা। যস্মিন্নিতি গ্রহণ ইত্যর্থঃ। এবঞ্চ আচ্ছাদ্য চার্চ্চয়িত্বা চ শ্রুতশীলবতে স্বয়ং আহূয় দানং কন্যায়া ব্রাহ্মোধর্ম্মঃ প্রকীর্ত্তিত ইতি মন্বাদিবচনে যদ্দানপদং "তদ্দীয়তে যস্মৈ গ্রহণায়" ইতি ব্যুৎপত্ত্যা ০০০০০০০০গ্রহণপরং

তাহারই নাম ব্রাহ্ম-বিবাহ যাহাতে উক্ত লক্ষণ বরকে আহ্বান করিয়া যথা শক্তি অলঙ্কৃতা কন্যা দান করা হয়, এই মিতাক্ষরা ব্যাখ্যানে যে "যস্মিন্" পদ আছে, তাহার অর্থ গ্রহণ। আর কন্যাকে আচ্ছাদন ও অর্চ্চনা করিয়া শ্রুতশীল সম্পন্ন পাত্রকে স্বয়ং আহ্বান করিয়া যে দান করা হয়, তাহাই ব্রাহ্ম বিবাহ বলিয়া কীর্ত্তিত হইয়া থাকে, এই মনু প্রভৃতির বচনে যে দান পদ আছে, "দেওয়া হয় যাহাকে গ্রহণের নিমিত্তে" এই রূপ ব্যুৎপত্তিতে তাহারও অর্থ গ্রহণ মাত্র।

এই বিবাহ নাম-ভেদে ও প্রকার ভেদে আট প্রকার বলিয়া নিরূপিত হইয়াছে, যথা,

ব্রাহ্মোবিবাহ আহূয় দীয়তে শক্ত্যালঙ্কৃতা। তজ্জঃ পুনাত্যুভয়তঃ পুরুষানেকবিংশতিং যজ্ঞস্থায়ার্ত্বিজে দৈব আদায়র্ষস্তু গোযুগং। চতুর্দশঃ প্রথমজঃ পুনাতু ত্তরজশ্চ ষট্ ইত্যুক্ত্বা চরতাং ধর্ম্মং সহ যা দীয়তেঽর্থিনে। সকায়ঃ পাবয়েত্তজ্জঃ ষড়্বংশ্যাংশ্চ সহাত্মনা আসুরো দ্রবিণাদানাদ্ গান্ধর্ব্বঃ সময়ান্মিথঃ রাক্ষসো যুদ্ধহরণাৎ পৈশাচঃ কন্যাকাচ্ছলাদিত্যাদি এবন্তু তত্যাগানন্তর-গ্রহণে ব্রাহ্মাদ্যষ্টনামকো বিবাহ ইতি বর্ত্তুলার্থঃ

বরকে আহ্বান করিয়া যথাশক্তি অলঙ্কারের সহিত যাহাতে কন্যাদান হয়, তাহার নাম ব্রাহ্ম বিবাহ, তাহার-দিগের যে সন্তান জন্মে সে ঊর্দ্ধ অধ একবিংশতি পুরুষকে পবিত্র করে যাহাতে যজ্ঞস্থ ঋত্বিক্‌কে কন্যা দান করা হয়, তাহাকে দৈব বিবাহ বলে ; বরের নিকট হইতে দুইটী গোরু লইয়া সেই গোযুগ সহিত যাহাতে কন্যাদান হয়, তাহাই আর্য বিবাহ ইহার মধ্যে দৈব বিবাহ জনিত সন্তান চতুর্দশ পুরুষকে ও আর্য বিবাহ জনিত সন্তান ছয় পুরুষকে পবিত্র করে। আর " ইহাঁর সহিত ধর্ম্ম আচরণ কর " বলিয়া যাহাতে অর্থি ব্যক্তিকে কন্যাদান করা হয়, তাহার নাম কায অর্থাৎ প্রাজাপত্য বিবাহ, তজ্জনিত সন্তান আপনার সহিত ছয় পুরুষকে পবিত্র করে শাস্ত্রীয় নিয়ম ব্যতীত ধন গ্রহণ পূর্ব্বক যাহাতে কন্যা-দান হয়, তাহাকে আসুর বিবাহ কহে। কন্যা পাত্রের পরস্পর সম্মিলনে নিয়ম পূর্ব্বক যে বিবাহ, তাহার নাম গান্ধর্ব্ব এবং যুদ্ধে হরণ করিয়া যে বিবাহ, তাহার নাম রাক্ষস বিবাহ বলে। আর

ছল পূর্ব্বক কন্যাকে লইয়া যে গ্রহণ করা হয়, তাহাকে পৈশাচ বিবাহ কহে ইত্যাদি এই রূপ দানাদ্যনন্তর গ্রন্থেতেই ব্রাহ্মাদি নামক আট প্রকার বিবাহ সমর্থিত হয়

ইত্যাদি শাস্ত্রালোচনায় এই মাত্র প্রাপ্ত হওয়া যায় যে ভার্য্যাত্ব সম্পাদক গ্রহণের নাম বিবাহ অতএব ভার্য্যাত্ব সম্পাদক যে গ্রহণ, তাহাই বিবাহের লক্ষণ, ইহা সিদ্ধ হইল।

বিবাহই প্রধান কার্য্য, তাহাতে যদি গ্রহণের নামই বিবাহ সিদ্ধ হইল, তবে সুতরাং এস্থলে গ্রহণই যে প্রধান কর্ম্ম এবং তাহা না করিলে যে বিবাহ অসিদ্ধ হয়, তাহাতে আর সন্দেহ মাত্র রহিল না অপর নান্দীমুখ শ্রাদ্ধ প্রভৃতি যে ছয়টী কর্ম্ম বিবাহে উক্ত হইয়াছে, সুতরাং সে সমুদায়কেই বিবাহের অঙ্গ বলিয়া স্বীকার করিতে হইয়াছে

এক্ষণে ঐ ছয়টী কর্ম্মের মধ্যে কোন্‌টী বিবাহের কিরূপ অঙ্গ এবং উহাদিগের কোন একটী না করিলে বিবাহ অসিদ্ধ হয় কিনা, তাহা বিবেচনা করা আবশ্যক, এনিমিত্তে অধুনা তদ্বিষয়ক সমালোচনে প্রবৃত্ত হওয়া যাইতেছে।

বিবাহের প্রথম অঙ্গ—নান্দীমুখ শ্রাদ্ধ নান্দীমুখ শ্রাদ্ধ না করিলে যে বিবাহ অসিদ্ধ হয় না, ইহা সর্ব্ববাদি সম্মত, কারণ এদেশে এক্ষণে অনেকে নান্দীমুখের অনুকল্প রূপে এক ভোজ্য মাত্র উৎসর্গ করিয়া, কেহ কেহ বা তাহা না করিয়াও কন্যাপুত্রের বিবাহ দিয়া থাকেন দেখিতে পাওয়া যায় এবং বিপক্ষ পক্ষের গৃহীত ব্যবস্থা পত্রেও তদনুরূপ লিখিত আছে, যথা,

নান্দীশ্রাদ্ধেঽকৃতে বিবাহোঽঙ্গমাত্রবৈগুণ্যাদ্ভার্য্যাত্বং
সম্পাদয়ন্নপি বিবাহে নান্দীশ্রাদ্ধস্যাবশ্যকত্বাদ্বিহিতস্যা-
ননুষ্ঠানেন প্রত্যবায়বিশিষ্টোভবেদেব।

নান্দীমুখ শ্রাদ্ধ না হইলে অঙ্গ মাত্র বৈগুণ্য হেতু বিবাহ ভার্য্যাত্ব সম্পন্ন করিলেও বিবাহে নান্দীশ্রাদ্ধের আবশ্যকতা জন্য বিহিত কর্ম্মের অননুষ্ঠান প্রযুক্ত তাহা প্রত্যবায় বিশিষ্ট হয়।

দ্বিতীয় অঙ্গ—সংপ্রদান। সংপ্রদান না করিলে যে বিবাহ অসিদ্ধ হইবে, ইহা বলা যাইতে পারে না, কারণ গান্ধর্ব্বাদি বিবাহে সংপ্রদান না হইয়াও গ্রহণ মাত্রেই বিবাহ সিদ্ধ হইবার বিধি আছে, যথা মনুঃ,

... . গান্ধর্ব্বঃ সময়ান্মিথঃ।
রাক্ষসোযুদ্ধহরণাৎ পৈশাচঃ কন্যকাচ্ছলাৎ।

কন্যা পাত্রের পরস্পর সম্মিলনে নিয়ম পূর্ব্বক যে বিবাহ তাহার নাম গান্ধর্ব্ব, এবং যুদ্ধে হরণ করিয়া যে বিবাহ, তাহার নাম রাক্ষস, আর ছল পূর্ব্বক কন্যাকে লইয়া যে বিবাহ, তাহাকে পৈশাচ বিবাহ বলে।

এই অঙ্গটী না হইলে কন্যার উপরে পিতার স্বত্ব নিবৃত্তি হয় না মাত্র, কিন্তু গৃহীতার ভার্য্যা হইবার প্রতি কোন বাধা নাই। ভার্য্যাত্ব সম্পাদক গ্রহণ রূপ যে বিবাহের লক্ষণ, সংপ্রদান তাহার সাহায্যকারী মাত্র, সম্পাদক নহে, তথাপি পিতার স্বত্ব নিবৃত্তির নিমিত্তে ইহা অবশ্য কর্ত্তব্য হইয়াছে, এবং ঐ জন্যই গান্ধর্ব্বাদি বিবাহে পশ্চাৎ সংপ্রদান করিবার ব্যবস্থা আছে।

তৃতীয় অঙ্গ—কুশণ্ডিকা, অর্থাৎ অগ্নির সংস্কার ক্রিয়া, এবং চতুর্থ অঙ্গ—হোম এই দুই অঙ্গের পরস্পর বিশিষ্ট রূপ যোগ রহিয়াছে। হোম কুশণ্ডিকার সাপেক্ষ, হোম করিতে হইলে অবশ্যই কুশণ্ডিকা করিতে হইবে, কুশণ্ডিকা ব্যতীত হোম করা কোন প্রকারে সম্ভবিতে পারে না। সুতরাং হোম ব্যতীত বিবাহ সিদ্ধ হয় কি না ইহা নির্ণীত হইলেই কুশণ্ডিকা ব্যতীত বিবাহ সিদ্ধ হয় কি না, তাহা নিরূপিত হইবে, অতএব হোম ব্যতীত বিবাহ সিদ্ধ হয় কি না তাহাই নির্ণয় করা যাইতেছে

বিবাহাঙ্গ হোমের ফল মঙ্গলার্থ স্বস্ত্যয়ন মাত্র, ইহা পূর্ব্বেই উল্লিখিত হইয়াছে, অতএব যেমন হরিদ্রা গ্রহণ, উলু ধ্বনি, ও শঙ্খ বাদ্য প্রভৃতি বিবাহে মঙ্গলজনক, সেই রূপ হোমও মঙ্গলজনক মাত্র, বিবাহ সম্পাদক নহে, সুতরাং ইহা না করিলে বিবাহ অসিদ্ধ হইবার বিষয় কি? আশ্বলায়নীয় গৃহ্য সূত্রের ১ অধ্যায়ের ৪ কণ্ডিকার ৬ সূত্র, যথা,

নৈকে কাঞ্চন

একে আচার্য্যাঃ কামপ্যাহুতিং মেচ্ছন্তি।

কোন কোন আচার্য্যেরা বিবাহে আহুতি প্রদান ইচ্ছা করেন না।

অতএব যেমন পিতৃ উদ্দেশে শ্রদ্ধা পূর্ব্বক দানের নাম শ্রাদ্ধ, তাহাতে পিণ্ডদান, হোম ও ব্রাহ্মণ ভোজন, এই তিনটি কর্ম্ম কর্ত্তব্য বলিয়া বিধি আছে, অথচ তাহাতে হোম ও ব্রাহ্মণ ভোজন না হইলেও হোমের অনুকল্প জলে অগ্নৌ

করণ ও পিণ্ডদান করিলেই শ্রাদ্ধ সিদ্ধ হইতেছে, সেই রূপ বিবাহে হোম না করিলেও তাহা কেন অসিদ্ধ হইবে ?

পঞ্চম অঙ্গ—পাণিগ্রহণ এবং ষষ্ঠ অঙ্গ—সপ্তপদী গমন ; এ উভয় অঙ্গেরও পরস্পর যোগ আছে,এই উভয় কর্ম্মই বিশেষ সংস্কারার্থ মাত্র। এই পাণিগ্রহণ ও সপ্তপদী গমনে জায়া-পতিত্ব সম্বন্ধ অপরিবর্ত্তনীয় ভাবে নিবদ্ধ হয় ও বিবাহ কার্য্য সম্পূর্ণ হয়। পাণিগ্রহণ না হইলে কন্যার গোত্রান্তর ও জায়াত্ব হয় না এবং সপ্তপদী গমন না হইলে গোত্রান্তর,জায়াপতিত্ব, ও পাণিগ্রহণ-মন্ত্র-সকলের সমাপ্তি হয় না, যথা উদ্বাহতত্ত্বে,

যত্তু পাণিগ্রহণিকামন্ত্রা নিয়তং দারলক্ষণং।
তেষাং নিষ্ঠা তু বিজ্ঞেয়া বিদ্বদ্ভিঃ সপ্তমে পদে।
ইতি মনুবচনং তদ্বিবাহগতসংস্কারবিশেষার্থং
অতএব নিষ্ঠেত্যুক্তং, তথাচ রত্নাকরঃ, পাণি-
গ্রহণিকামন্ত্রা বিবাহকর্ম্মাঙ্গভূতা ইতি। সুব্যক্ত-
মাহ রত্নাকরধৃতো লঘুহারীতং, তত্রাপি পাণি-
গ্রহণেন জায়াত্বং কৃৎস্নংহি জায়াপতিত্বং সপ্তমে
পদে ইতি। স্বগোত্রাদ্ভ্রশ্যতে নারী বিবাহাৎ
সপ্তমে পদে পতি গোত্রেণ কর্ত্তব্য তস্যাঃ পিণ্ডো-
দক ক্রিয়া পাণিগ্রহণিকামন্ত্রাঃ পিতৃগোত্রাপহা
রকাঃ। ভর্ত্তুর্গোত্রেণ নারীং হি দেয়ং পিণ্ডোদকং ততঃ।

পাণিগ্রহণ মন্ত্র সকল নিয়ত দারার লক্ষণ জানিবে, সপ্তপদী গমনে সেই মন্ত্র সকলের সমাপ্তি হয় এই যে মনুর বচন, ইহা বিবাহের একটী সংস্কার বিশেষের নিমিত্ত মাত্র, এই জন্যই নিষ্ঠা অর্থাৎ সমাপ্তি বলিয়া উক্ত হইয়াছে। রত্না-

কর তাহাই বলিয়াছেন যথা, পাণিগ্রহণের মন্ত্র সকল বিবাহ কর্ম্মের অঙ্গভূত মাত্র। রত্নাকর ধৃত লঘুহারীত তাহাই সুন্দর রূপে ব্যক্ত করিয়াছেন যথা, পাণিগ্রহণ দ্বারা জায়াত্ব হয় এবং সপ্তপদী গমনে সম্পূর্ণ জায়াপতিত্ব হইয়া থাকে বিবাহের পর সপ্তপদী গমনে নারীরা পিতৃ গোত্র হইতে ভ্রষ্ট হয়,তখন তাহারদিগের পিণ্ডোদকাদিক্রিয়া সকল পতি গোত্র দ্বারা করিতে হয়। পাণিগ্রহণের মন্ত্র সকল পিতৃ গোত্রের অপহারক, অতএব তাহার পর নারীদিগকে ভর্ত্তার গোত্র দ্বারা পিণ্ডোদকাদি দান করিবেক।

এই দুই অঙ্গ না হইলে যে বিবাহ সিদ্ধ হয় না এরূপ নহে, ইহাদিগের অনুষ্ঠানের পূর্ব্বে দান ও গ্রহণেতেই বিবাহ সম্পন্ন হইয়া থাকে, যথা উদ্বাহতত্ত্বে,

> বিবাহস্তু পাণিগ্রহণাৎ পূর্ব্বং কৃতএবেতি সুব্যক্তং
> হরিবংশীয় ত্রিশঙ্কূপাখ্যানে পাণিগ্রহণমন্ত্রাণাং
> বিঘ্নং চক্রে সুদুর্ম্মতিঃ যেন ভার্য্যা হৃতা পূর্ব্বং কৃতোদ্বাহা
> পরস্যবৈ কৃতোদ্বাহা পাণিগ্রহণাৎ পূর্ব্বং হৃতেত্যর্থঃ

বিবাহটী পাণিগ্রহণের পূর্ব্বেই সম্পন্ন হয়, ইহা ব্যক্ত আছে হরিবংশে ত্রিশঙ্কুর উপাখ্যানে, যথা, দুর্ম্মতি ত্রিশঙ্কু পাণিগ্রহণ মন্ত্র সকলের বিঘ্ন করিয়াছিল, যেহেতু সে অপরের বিবাহিতা ভার্য্যাকে পূর্ব্বে হরণ করে। এস্থলে যে পূর্ব্ব পদটী আছে, তাহার অর্থ পাণিগ্রহণের পূর্ব্ব

> পাণিগ্রহণসংস্কারঃ সবর্ণাসূপদিশ্যতে অসবর্ণাস্বয়ং
> জ্ঞেয়ো বিধিরুদ্বাহকর্ম্মণি। শরঃ ক্ষত্রিয়য়া গ্রাহ্যঃ প্রতো-

দোবৈশ্যকন্যয়া বসনস্য দশাগ্রাহ্যাঃশূদ্রয়োৎকৃষ্টবেদনে।
ইতি মনুবচনান্তরেঽপি উদ্বাহপাণিগ্রহণয়োঃ পৃথক্ত্বং প্রতীয়তে

সবর্ণাবিবাহে পাণিগ্রহণ সংস্কার উপদিষ্ট হইয়াছে। অসবর্ণার বিবাহে এই বিধি জানিবে যে, উৎকৃষ্ট বর্ণের সহিত বিবাহে ক্ষত্রিয়কন্যা শরগ্রহণ করিবে, বৈশ্যকন্যা প্রতোদ অর্থাৎ পাঁচন বাড়ি গ্রহণ করিবে,এবং শূদ্রকন্যা বস্ত্রের দশা গ্রহণ করিবে, এই মনুর বচনেও বিবাহ ও পাণিগ্রহণের পৃথক্ কর্ম্মত্ব জানা যাইতেছে।

এই সকল আলোচনা দ্বারা এই মাত্র প্রতীত হইতেছে যে গ্রহণের নামই বিবাহ ও তাহাই প্রধান কর্ম্ম, তদ্ভিন্ন অপর-ছয়টী কর্ম্মই তাহার অঙ্গ মাত্র, এবং অঙ্গ কর্ম্ম সকলের মধ্যে কোন একটী না হইলেও প্রধানের অসিদ্ধি হয় না, কেবল অঙ্গহীন হয় মাত্র, সুতরাং কুশণ্ডিকা অর্থাৎ অগ্নির সংস্কার ও বৈবাহিক হোম না হইলে যে বিবাহ অসিদ্ধ হয়, তাহা কোন প্রকারেই বলা যাইতে পারে না, অতএব কুশণ্ডিকা ব্যতীত অবশ্যই বিবাহ সিদ্ধ হয়, ইহা নির্ণীত হইল

উপরোক্ত কুশণ্ডিকা গান্ধর্ব্বাদি বিবাহেতেই অবশ্য কর্ত্তব্য বলিয়া বিহিত হইয়াছে, যথা,

গান্ধর্ব্বাদৌ বিধিমাহ দেবলঃ গান্ধর্ব্বাদিবিবাহেষু বিধিবৈর্ব্ববাহিকো মতঃ কর্ত্তব্যশ্চ ত্রিভির্ব্বর্ণৈঃ সময়েনাগ্নিসাক্ষিক ইতি

গান্ধর্ব্বাদি বিষয়ের বিধি দেবল কহিয়াছেন, যথা, অগ্নি

সাক্ষী করিয়া সপথ পূর্ব্বক তিন বর্ণের কর্ত্তব্য বলিয়া গান্ধর্ব্বাদি বিবাহে বৈবাহিক বিধি কথিত হই-য়াছে

গান্ধর্ব্বাদি বিবাহে যে রূপ অগ্নি সাক্ষী করিবার বিধি পাওয় যায়, ব্রাহ্মাদি বিবাহে সে রূপ অগ্নি সাক্ষী করিবার বিধি নাই, সুতরাং ব্রাহ্মাদি বিবাহে কুশণ্ডিকা বা বৈবা-হিক হোম ব্যতীতও অবশ্যই বিবাহ সিদ্ধ হইবে, তাহাতে আর সন্দেহ মাত্র নাই

আদি ব্রাহ্মসমাজস্থ ব্রাহ্মদিগের বিবাহে উপরোক্ত ছয়টি অঙ্গ মধ্যে নান্দীশ্রাদ্ধ, কুশণ্ডিকা ও বৈবাহিক হোম পরিত্যক্ত হইয়াছে কিন্তু সম্প্রদান, গ্রহণ, পাণিগ্রহণ ও সপ্তপদীগমন, এ সমস্ত অনুষ্ঠিত হয়, এ প্রকার বিবাহ যদিও অঙ্গহীন বটে কিন্তু তাহা যে হিন্দুধর্ম্ম শাস্ত্র মতে প্রকৃত বিবাহ, তৎপক্ষে কোন সন্দেহ হইতে পারে না যাঁহারা এই বিবাহকে আদৌ বিবাহ নহে বলিয়া ব্যাখ্যা করেন, তাঁহারা স্ব স্ব মতের প্রতিপোষকে কোন ঋষি বচন বা শাস্ত্র দর্শাইতে পারেন না। তাঁহারা কেবল প্রচলিত প্রথানুসারে যাহা যাহা অনুষ্ঠিত হইয়া থাকে, যদি সেই সমস্ত গুলিন না করিলে বিবাহ অসিদ্ধ জ্ঞান করেন, তবে নান্দীশ্রাদ্ধ না করিলে বিবাহ অসিদ্ধ হয় বলিয়াও তর্ক করা যাইতে পারে। বাস্তবিক যাঁহারা প্রকৃত কর্ম্ম ও তদঙ্গ এই দুয়ের প্রভেদ নির্দ্দেশ করিতে যত্নবান্ না হয়েন, তাঁহারা ধর্ম্মশাস্ত্রের বিধি গুলিকে বিস-র্জ্জন দিয়া কেবল প্রচলিত প্রথার প্রতি দৃষ্টি রাখিয়াই চলেন, বাস্তবিক তাঁহাদের কথা শাস্ত্রীয় বলিয়া কদাপি গ্রাহ্য নহে।

কোন কোন পণ্ডিত আদি সমাজস্থ ব্রাহ্মদিগের শাস্ত্রানুমোদিত বিবাহকে অসিদ্ধ বলিতে সাহস না করিয়া কেবল তাহা অসম্পূর্ণ বলিয়া বিপক্ষ পক্ষকে ব্যবস্থা দিয়াছেন, কিন্তু বিবাহ ক্রিয়ার অঙ্গহীনতা হেতু যদি অসম্পূর্ণ বিবেচনা করা যায়, তাহাতে প্রকৃত কার্য্যের কোন ক্ষতি বৃদ্ধি হইতে পারে না অতএব ব্রাহ্ম বিবাহ যে ধর্ম্ম শাস্ত্রানুসারে সিদ্ধ হয়, তাহাতে আর কোন সন্দেহ নাই

অপর, বৈদিক সময়ে ঋষিদিগের দ্বারা দশ বিধ সংস্কার যে রূপে নির্ব্বাহিত হইত, বেদের মন্ত্র ভাগে তাহা প্রকাশিত রহিয়াছে পরে কল্পসূত্র কারেরা তাহার কিঞ্চিৎ পরিবর্ত্ত করিয়া সেই পরিবর্ত্তিত প্রকারে সূত্র রচনা করেন এবং তদবধি তদনুসারেই ঐ সংস্কার ক্রিয়া সকল চলিয়া আসিতেছিল। তৎপরে সংগ্রহ গ্রন্থকর্ত্তারা ঐ সূত্র সকলের অর্থ আলোচনা করিয়া নানা প্রকারে তাহার পরিবর্ত্তন পূর্ব্বক অনুষ্ঠান পদ্ধতি প্রস্তুত ও প্রচারিত করিয়া যান এ পর্য্যন্ত সেই পরিবর্ত্তিত পদ্ধতি অনুসারে ঐ সমস্ত কার্য্য অনুষ্ঠিত হইয়া আসিতেছে, কিন্তু অনুষ্ঠান করিবার সময় পুরোহিতেরাও আবার তাহারও কিছু কিছু পরিবর্ত্ত করিতেছেন এক্ষণে আদি সমাজস্থ অপৌত্তলিক ব্রাহ্মগণ সেই সকল অনুষ্ঠানের পৌত্তলিক অংশ পরিত্যাগ পূর্ব্বক তাহার কিয়দংশ পরিবর্ত্ত করিয়া যে অনুষ্ঠান পদ্ধতি প্রচারিত করিয়াছেন, তাহা অবশ্যই ঐ হিন্দু অনুষ্ঠানেরই পরিবর্ত্ত মাত্র এবং তাহাতে সংপ্রদান, গ্রহণ, পাণিগ্রহণ ও সপ্তপদী গমন আছে, কেবল নান্দীশ্রাদ্ধ, কুশণ্ডিকা ও বৈবাহিক হোম

নাই এমন অবস্থায় ঐ বিবাহ অসিদ্ধ কখনই নহে, কেবল অঙ্গহীন মাত্র। ঋষিদিগের সময় অবধি এ পর্য্যন্ত যখন ঐ অনুষ্ঠান সকল ক্রমশ নানা প্রকার পরিবর্ত্ত ও কোন কোন অংশ পরিত্যক্ত হইয়া আসিয়াও হিন্দু পদ্ধতি রূপে গণ্য হইয়া চলিতেছে, তখন আদি ব্রাহ্মসমাজস্থ অপৌত্তলিক ব্রাহ্মের। তাহার পৌত্তলিক অংশ পরিত্যাগ করিয়া ও কোন কোন অংশ পরিবর্ত্ত করিয়া অনুষ্ঠান করিলে তাহা কেন না হিন্দু অনুষ্ঠান বলিয়া গৃহীত হইবে। ঋষিদিগের সময় অবধি এ পর্য্যন্ত অনুষ্ঠেয় কার্য্য কলাপই পরিবর্ত্তিত হইয়া আসিয়াছে, কিন্তু স্ত্রী গ্রহণের নাম যে বিবাহ, তাহা কখনই পরিবর্ত্ত হয় নাই, তাহা চিরকালই সমান ভাবে আছে, এখনও তাহাই রহিয়াছে। অতএব এক্ষণকার হিন্দু প্রচলিত অনুষ্ঠানের পরিবর্ত্ত মাত্র কারী অপৌত্তলিক ব্রাহ্মদিগের বিবাহ পদ্ধতিকে অবশ্যই হিন্দু পদ্ধতি বলা যায, তাহাতে কিছু মাত্র সন্দেহ নাই। সুতরাং আদি ব্রাহ্মসমাজস্থ ব্রাহ্মদিগের বিবাহ যে হিন্দুধর্ম্মশাস্ত্রানুসারে সিদ্ধ হয়,ইহা সিদ্ধান্তিত হইল, তাহাতে আর সন্দেহ মাত্র রহিল না, ইতি।

শ্রীআনন্দচন্দ্র শর্ম্মণঃ।

উক্ত বিষয়ে কাশীস্থ ও নবদ্বীপ, কলিকাতা এবং ত্রিবেণী প্রভৃতি সমাজস্থ ধর্ম্মশাস্ত্র ব্যবসায়ী প্রধান প্রধান পণ্ডিত-গণের নিকট হইতে আদি ব্রাহ্মসমাজ কর্ত্তৃক গৃহীত ব্যবস্থা পত্র

প্রশ্নঃ

১—বহ্নিস্থাপনং বৈবাহিকহোমঞ্চাকৃত্বা বিহিতবাক্যো-চ্চারণপূর্ব্বককন্যাদানানুত্তরং বিহিতমন্ত্রেণ পাণিগ্রহণসপ্তপ-দীগমনাদৌ কৃতে বিবাহঃ সিদ্ধো ভবিষ্যতি নবা

২—উক্তপ্রকারেণ কন্যায়া দানে গ্রহণে চ কৃতে তস্মিন্ স্বামিনি বর্ত্তমানে তাং পুনরন্যস্মৈ সংপ্রদানং কর্ত্তুং শক্যতে নবা। অথবা তস্মিন্ স্বামিনি মৃতে সা বিধবা ভবিষ্যতি নবা।

৩—উক্তরীত্যা বিবাহিতা পত্নী তস্য স্বামিনঃ সকাশাৎ গ্রাসাচ্ছাদনং প্রাপ্তুমধিকারিণী ভবিষ্যতি নবা।

৪—উক্তরীত্যা বিবাহিতদম্পত্যোর্জাতাঃ পুত্রাঃ পিতৃ-মাতৃদায়াধিকারিণো ভবিষ্যন্তি নবা

বাঙ্গলা অর্থ।

১—বহ্নি স্থাপন ও বিবাহ বিহিত হোম না করিয়া বিহিত বাক্যোচ্চারণ পূর্ব্বক কন্যা দানের পর বিহিত মন্ত্র দ্বারা পাণিগ্রহণ ও সপ্তপদী গমনাদি করিলে সে বিবাহ সিদ্ধ হয় কিনা

২—উক্ত প্রকারে কন্যার দান ও গ্রহণ হইলে,সেই স্বামী বর্ত্তমানে সেই কন্যাকে অন্য পাত্রে পুনর্ব্বার সংপ্রদান করিতে পারে কিনা

৩—উক্ত প্রকারে বিবাহিতা পত্নী সেই স্বামীর নিকট হইতে গ্রাসাচ্ছাদন পাইবার অধিকারিণী হয় কিনা।

৪—উক্ত প্রকারে বিবাহিত স্ত্রী পুরুষের পুত্রেরা পিতা মাতার ধনাদিতে অধিকারী হইবে কি না।

অস্যোত্তরং।

এতল্লিপ্যর্থানুসারীদৃগ্বিবাহঃ 'সিদ্ধ্যত্যেব প্রদানস্য স্বাম্য-কারণত্বেন ভার্য্যাত্বসম্পাদকগ্রহঃস্যৈব বিবাহত্বেন চ প্রতি-পাদনাদিতরেষামঙ্গত্বপ্রতীতেরিতি সুতরাং তাং কন্যাং পুনরন্যস্মৈ দাতুং নৈব শক্যতইতি অনেনৈবান্তিমপ্রশ্ন-দ্বয়োত্তরস্য স্বহস্তিতত্বমিতি চ বিদুষাং পরামর্শঃ।

বাঙ্গলা অর্থ।

এই লিখনানুযায়ী এতাদৃশ বিবাহ সিদ্ধই হয়, যে হেতু দান স্বামিত্বের কারণ এবং ভার্য্যাত্ব সম্পাদক জ্ঞানপূর্ব্বক গ্রহণই বিবাহ রূপে প্রতিপাদিত হইয়াছে, আর ইতর কর্ম্ম সকল অঙ্গ রূপে প্রতিপাদিত হইয়াছে, সুতরাং সেই কন্যা-কে পুনর্ব্বার অন্য পাত্রে দান করিতে সমর্থ হয় না, এই উত্তর দ্বারা অন্তিম প্রশ্ন সকলও স্বীয় হস্তগত হইল, ইহা পণ্ডিতদিগের মত

অত্র প্রমাণং

১—মঙ্গলার্থং স্বস্ত্যয়নং যজ্ঞস্তাসাং প্রজাপতেঃ। প্রযুজ্যতে বিবাহেষু প্রদানং স্বাম্যকারণমিতি, মনুবচনং।

২—অতঃ পরং সমাবৃত্তঃ কুর্য্যাৎ দারপরিগ্রহমিতি সম্ব-র্ত্তবচনাৎ ভার্য্যাং বিন্দেত সদৃশীমিত্যাদি বিষ্ণ্বাদিবনাচ্চ ভার্য্যাত্বসম্পাদকং গ্রহণং বিবাহইতি, স্মার্ত্তলিখনং।

৩—প্রধানস্যাক্রিয়া যত্র সাঙ্গং তৎ ক্রিয়তে পুনঃ। তদঙ্গস্যাক্রিয়ায়ান্তু নাবৃত্তির্নচ তৎক্রিয়েতি ছন্দোগপরিশিষ্টবচনং

৪—সকৃদংশোনিপততি সকৃৎ কন্যা প্রদীয়তে। সকৃদাহ দদানীতি ত্রীণ্যেতানি সকৃৎসকৃদিতি মনুবচনঞ্চ

বাঙ্গলা অর্থ

১—প্রজাপতির যজ্ঞ (হোম) তাহারদিগের মঙ্গলার্থ স্বস্ত্যয়ন রূপে বিবাহে প্রয়োগ হয় কিন্তু প্রদানই স্বামিত্বের কারণ ইহা মনুর বচন।

২—ইহার পর সমাবৃত্ত হইয়া (ব্রহ্মচর্য্য সমাপন করিয়া) দার গ্রহণ করিবে এই সম্বর্ত্ত বচন হেতু এবং সদৃশী ভার্য্যা গ্রহণ করিবে ইত্যাদি বিষ্ণু প্রভৃতির বচন প্রযুক্ত ভার্য্যাত্ব সম্পাদক জ্ঞান পূর্ব্বক গ্রহণই বিবাহ, ইহা স্মার্ত্ত রঘুনন্দের লিখন।

৩— যে স্থলে প্রধান কর্ম্ম অকৃত হয়, সে স্থলে অঙ্গের সহিত তাহা পুনর্ব্বার করিবে, আর প্রধান কর্ম্ম করিয়া যদি অঙ্গ কর্ম্ম অকৃত হয়, তাহা হইলে অঙ্গের সহিত তাহা আর পুনর্ব্বার করিবে না, ইহা ছন্দোগপরিশিষ্টের বচন।

৪—অংশ এক বার হয়, কন্যাদান এক বার হয়, দান বাক্য এক বার মাত্র হয়, এই তিনই এক এক বার মাত্র, ইহা মনুর বচন।

কাশীস্থ

ন্যায়পঞ্চাননোপনামক
১ শ্রীঠাকুরদাস শর্ম্মণাং

২ পণ্ডিত কাশীনাথ শর্ম্মণাং
৩ পণ্ডিত রঘোর্ব্বং শর্ম্মণাং

তর্কপঞ্চাননোপনামকানাং
৪ শ্রীজয়নারায়ণ শর্ম্মণাং
তর্কভূষণোপাধিক
৫ শ্রীরাধামোহন শর্ম্মণাং
চূড়ামণ্যুপাধিক
৬ শ্রীরাজচন্দ্র দেব শর্ম্মণাং
তর্করত্নোপাধিক
৭ শ্রীঈশানচন্দ্র দেবশর্ম্মণাং
দ্বিবেদ পণ্ডিত
৮ বন্তীরাম শর্ম্মণাং
শিরোমণ্যুপাধিক
৯ শ্রীকৈলাসচন্দ্র শর্ম্মণাং
১০ পণ্ডিত বেচলরাম শর্ম্মণাং
১১ পণ্ডিত চন্দ্রশেখর শর্ম্মণাং
১২ পণ্ডিতরামমনোরথশর্ম্মণাং
১৩ পণ্ডিত রামগোবিন্দ শর্ম্মণাং
১৪ পণ্ডিত বটুকী শর্ম্মণাং
১৫ শ্রীমথুরানাথ দেব শর্ম্মণাং
১৬ শ্রীনবীননারায়ণ শর্ম্মণাং
১৭ শ্রীভগবতীচরণ শর্ম্মণাং
১৮ শ্রীকালী কুমার শর্ম্মণাং
১৯ শ্রীবাগডুলাল দেব শর্ম্মণাং
২০ শ্রীবেচারাম দেব শর্ম্মণাং
২১ শ্রীরামধন দেব শর্ম্মণাং
২২ শ্রীচণ্ডীচরণ দেব শর্ম্মণাং
২৩ শ্রীসূর্য্যনারায়ণ শর্ম্মণাং
২৪ শ্রীকাশীকান্ত শর্ম্মণাং
২৫ শ্রীবগানাথ দেব শর্ম্মণাং
২৬ শ্রীগৌরীকান্ত দেব শর্ম্মণাং
২৭ শ্রীঈশানচন্দ্র দেব শর্ম্মণাং
২৮ শ্রীহরচন্দ্র দেব শর্ম্মণাং

নবদ্বীপ প্রভৃতি সমাজস্থ

১ শ্রীরঘুমণি শর্ম্মণাং
২ শ্রীহরমোহন শর্ম্মণাং
৩ শ্রীঠাকুরদাস দেব শর্ম্মণাং
৪ শ্রীমাধবচন্দ্র দেব শর্ম্মণাং
৫ শ্রীকাশীনাথ দেব শর্ম্মণাং
৬ শ্রীরামকুমার শর্ম্মণাং
৭ শ্রীরামগোপাল শর্ম্মণাং
৮ শ্রীব্রজকুমার শর্ম্মণাং
৯ শ্রীকৃষ্ণ কমল শর্ম্মণাং
১০শ্রীশ্যামাপদ দেবশর্ম্মণাং
১১ শ্রীপীতম্বর শর্ম্মণাং
১২ শ্রীরামপ্রাণ শর্ম্মণাং
১৩ শ্রীহরিনারায়ণ দেব শর্ম্মণাং
১৪ শ্রীঅর্দ্ধচন্দ্র শর্ম্মণাং
১৫ শ্রীরাম চাঁদ দেব শর্ম্মণাং
১৬ শ্রীমহেশচন্দ্র দেব শর্ম্মণাং
১৭ শ্রীরাধানাথ দেব শর্ম্মণাং
১৮ শ্রীশ্রীনাথ দেব শর্ম্মণাং
১৯ শ্রীশ্রীকান্ত দেব শর্ম্মণাং
২০ শ্রীপ্রসন্ন চন্দ্র শর্ম্মণাং
২১ শ্রীনৃসিংহ শর্ম্মণাং
২২ শ্রীরামনাথ শর্ম্মণাং

২৩ শ্রীরাজকুমারশর্ম্মণাং২ ২৫ শ্রীহরচন্দর শর্ম্মণাং২
২৪ শ্রীভুবনমোহন শর্ম্মণাং২

কলিকাতা হাতির বাগান হইতে আদি ব্রাহ্মসমাজ কর্ত্তৃক গৃহীত ব্যবস্থা পত্র

ইহার প্রশ্ন সকল প্রথমে দেওয়া হইয়াছে, তজ্জন্য পুনর্ব্বার এখানে আর দেওয়া হইল না।

অস্যোত্তরং।

এতল্লিপ্যর্থানুসারেণ উক্তবিবাহিতায়াবিবাহঃ সিদ্ধ্যতোব, তদ্বিবাহিতায়াঃ পুনরুদ্বাহোভবিতুং নার্হতি, তদ্বিবাহিতাজ্জাতঃ পুত্রঃ পিতৃধনাধিকারী ভবতি, পত্যৌ জীবতি সা ভর্ত্তুঃ সকাশাৎ গ্রাসাচ্ছাদনাদিকং প্রাপ্তুমর্হতি, পত্যৌ মৃতে তু সা বিধবা ভবত্যেবেতি বিদুষাম্পরামর্শঃ।

বাঙ্গলা অর্থ.

এই লিপি অনুসারে উক্ত বিবাহিত স্ত্রীর বিবাহ সিদ্ধই হয়. এই রূপ বিবাহিতা স্ত্রী পুনর্ব্বার বিবাহের অর্হ নহে, এই রূপ বিবাহিতার গর্ভজাত পুত্র পিতৃধনাধিকারী হয়, পতি বর্ত্তমানে সেই স্ত্রী পতির নিকট গ্রাসাচ্ছাদন পাইবার যোগ্য হয় এবং পতি মরিলে সে বিধবা হয়, ইহা পণ্ডিতদিগের অভিমত।

অত্র প্রমাণং।

মঙ্গলার্থং স্বস্ত্যয়নং যজ্ঞস্তাসাং প্রজাপতেঃ। প্রযুজ্যতে বিবাহেষু প্রদানং স্বাম্যকারণমিতি মনুবচনং। ভার্য্যাত্বসম্পাদকগ্রহণং বিবাহ ইতি স্মার্ত্তলিখনং। বিবাহস্তু পাণি·

গ্রহণাৎ পূর্ব্বং বৃত্তএবেতি তল্লিখনং। উঢ়ায়াঃ পুনরুদ্বাহ ইত্যাদিত্যপুরাণবচনঞ্চ। এবমন্যৎপ্রমাণং সর্ব্বজনবিদিত-মিতি ন লিখিতং।

এই প্রমাণ সকলের বাঙ্গলা অর্থ প্রায়ই উপরে লিখিত হইয়াছে এজন্য পুনর্ব্বার দেওয়ার প্রয়োজন হইল না।

১ শ্রীভবশঙ্কর শর্ম্মণাং
২ শ্রীরমেশচন্দ্র শর্ম্মণাং
৩ শ্রীগোবর্দ্ধনতর্করত্ন
৪ শ্রীমহেন্দ্রনাথ শর্ম্মণাং
৫ শ্রীআনন্দচন্দ্র শর্ম্মণাং
৬ শ্রীমাধবচন্দ্র শর্ম্মণাং
৭ শ্রীকালীকুমার শর্ম্মণাং
৮ শ্রীভবদেব শর্ম্মণাং
৯ শ্রীবনমালি শর্ম্মণাং

PROFESSOR MAX MULLER'S OPINION.

"I have no hesitation in saying that the Brahmo Marriage such as I know it would be a valid marriage according to the spirit of ancient law of India, nor have I any doubt that modern Legislation can regard marriage only in the light of a civil contract, leaving the religious ceremonies, if-any, to be settled by the contracting parties.

YOURS FAITHFULLY
MAX MULLER.

OXFORD,
December 10, 1871.

বাঙ্গলা অনুবাদ।

সংস্কৃত শাস্ত্রের অধ্যাপক শ্রীযুক্ত মোক্ষমূলর সাহেবের অভিমত।

ব্রাহ্মদিগের বিবাহ বিষয় আমি যে রূপ জানিতেছি, তাহাতে উহা যে ভারতবর্ষের প্রাচীন ব্যবস্থার ভাব-সঙ্গত, ইহা আমি অশঙ্কুচিত চিত্তে বলিতে পারি. আর এ বিষয়েও আমার কোন সংশয় নাই যে বর্ত্তমান ব্যবস্থাপক-গণ ঐ বিবাহকে সিবিল কণ্ট্র্যাক্ট অর্থাৎ সম্মতি বন্ধন বলিয়াই ধার্য্য করিবেন, ধর্ম্ম-ঘটিত যে কোন ক্রিয়া কলাপ. তাহা তৎসম্বন্ধবর্ত্তীদিগের স্বেচ্ছানুসারে স্থিরীকৃত হইবে, তাঁহারা তাহাতে হস্তক্ষেপ করিবেন না।

অক্স ফোর্ড
১০ ডিসেম্বর ১৮৭১

মোক্ষমূলর।

MR STEPHEN'S OPINION ON NATIVE MARRIAGE BILL.

(From the Indian Daily News,
15 January, 1872.)

In what I am about to say, I must not be taken to express anything except my own personal opinion as a lawyer. I must remark for the benefit of persons who may read my 'speech' and suppose that my position gives it some degree of binding authority, that this is not the case. The Legal Member of Council is not a Judge. No Court is bound to attach any weight whatever to his views, or even to listen

to a reference to them. My opinion carries just so much weight as my attach to the arguments used and the authorities cited by me, and no more. With this caution I proceed to give my opinion upon those parts of Mr Cowie's opinion which I have just read. What I have to say is relevant to the matter in hand, because it explains to the scope of Section of the Bill, and also because it directly affects the question of the validity of Brahmo marriages, both Adi and Progressive, independently of the Bill, as well as the validity of the marriages of other classes of persons who may not see their way to accepting its provisions.

Generally, then, I am unable to agree with Mr. Cowie's opinion. I regret that it should have been given so shortly, and without reference to authorities. The first question is as follows: —

Question.—Whether, in the absence of a special enactment the general spirit of English law is favourable to marriages contracted between individuals of a new religious community under purely moral and religious necessities, and upon principles and after a ritual not sanctioned by any existing legally recognized communities, or will it hold such marriages to be illegal at once?

Mr. Cowie says that he hardly knows how to answer this question. I should answer it as follows:—

The law by which questions as to marriage between Natives must be regulated is either Hindu law, Muhammadan law, or the law of justice, equity and good conscience, in cases not expressly provided

for. Now, the case of a "marriage contracted between individuals of a new religious community under purely moral and religious necessities, and upon principles and after a ritual not sanctioned by any existing legally recognized communities" is surely a case not expressly provided for. The right of persons to change their religious belief without incurring any penalty thereby is clearly recognized by Act XXI of 1850. The effect of this change upon their power to contract marriage is not expressly provided for by that or by any other Act. Therefore, it must be settled by justice, equity and good conscience.

The best measure of justice, equity and good conscience with which I am acquainted, and the one which is always resorted to by Indian Courts, is to be found in those parts of the decisions of English Courts, and they are very numerous, which deal, not with technicalities peculiar to English law and English customs, but with broad general principles founded on human nature itself, and recognised with various degrees of distinctness by all or nearly all civilized nations. The English bench has been able to boast of Judges who might be regarded almost as personifications of justice, equity and good conscience, and it so happens that the most distinguished of all of them—I mean the great Lord Stowell applied the whole force of his mind in the greatest of his judgments to the consideration of a question very like that which was put to Mr Cowie by the Brahma-

Samaj. Some of the further applications of his solution of that question were discussed with an unparalleled degree of care by the high Court of Queen's Bench, and the House of Lords, who required the opinions of the fifteen Judges on the subject in the case of *Reg* v. *Millis.* The report of that case forms, a sort of Manual of the English Law on the subject of marriage in general. In the case of *M' Lean* v. *Cristall,* decided about twenty years ago by the Supreme Court of Bombay, the application of that decision to India is discussed at great length, and it appears to me that these authorities form as good an exposition of the principles of Justice, equity and good conscience, applicable to the present matter, as any one could desire. I will proceed to state what I understand than to decide I will then point out what in my judgment is the proper way of applying the principles so laid down to this country.

These memorable decisions disclose the existence of a state of the law of which I have reason to believe the public in general and even many lawyers are ignorant. They establish in the clearest manner the following painciples :—

"1. The marriage law of Europe in general was derived from the same sources, and was substantially the same in every part of Europe, subject to certain variations in particular countries.

"2. By that law marriage could be contracted by a contract *per verba de prsenti* without any religious ceremony whatever, and, in particular, without

the presence or intervention of any priest or minister of religion

"3 By a local peculiarity of the law of England the presence of a minister in episcopal orders was by the common law of England necessary to the validity of marriage

"4 There is authority in favour of the proposition that this local peculiarity of English law was not introduced into British India or other foreign possessions of Her Majesty.

With your Lorship's permission I will enlarge a little, and it shall be as little as I can upon each of these propositions.

The proposition that the general marriage law of Europe is substantially the same, though there local exceptions, has obviously a most important bearing on the question put by the Brahmos to Mr. Cowie — What is the general spirit of English law upon this subject? European Judges in this country called upon to dispose of cases according to justice, equity, and good conscience can hardly do better than take the general rule which extends over all Europe as their guide, and not local exceptions which must be presumed to be founded upon special local reasons even if those local exceptions prevail, as in the present case, in tow-thirds of the United Kingdom. The proposition itself needs little exposition or proof It follows from the fact that, in every part of Europe, both religion and law were derived from the same or similar sources

The proposition that, by the general marriage law of Europe, marriage could be contracted by mere *verba de prsenti*—"I take you for my husband" and "I take you for my wife," without the intervention of any religious ceremony at all, or the presence of any minister of religion—may probably be more novel. It is however established beyond all possibility of doubt by the famous judgment of Lord Stowell in *Dalrymple* v. *Dalrymple*. This judgment shows that the well known Scotch marriages which have furnished so many incidents to romance are not, as has been supposed by some persons, an expression of the reaction of Scotch Protestantism against the Roman Catholic doctrine that marraige is a sacrament, but are a fragment which still survives in Scotland of the old law which prevailed throughout the whole of Christendom until it was altered to some extent by the decrees of the Council of Trent in the countries which acknowledged the authority of that Council.

A very curious history attaches to the next proposition, that, by a local peculiarity of the municipal law of England, the presence of a priest in orders is necessary in England to the validity of a marriage *per verba de præsenti*. The marriage law of England was in the main unwritten and undefined, and corresponded in the main with the general marriage law of Europe down to the year 1753, when the famous Act, known as Lord Hardwicke's Marriage Act (26 Geo. II, cap. 33) was passed. Broadly speaking, this Act annulled all irregular marriages

except those of Quakers and Jews. It did not extend to Ireland, nor to the Colonies, nor to British possessions abroad. There the English common law, or so much of it as had been introduced into each particular colony, remained in force The Act, however, put a stop to irregular and clandestine marriages in England, and the learning connected with them thus came to be forgotten. In Ireland, they continued for reasons connected with the unhappy condition of that country. In the year 1842, a man named Millis was tried in Ireland for bigamy committed by him by marrying during the lifetime of a woman to whom he had been married by a Presbyterian Minister in Ireland His counsel said that the first marriage was void by the common law of England (which applied to the case), because by that law the presence of an episcopally ordained minister was essential to the validity of marriage. The Court of Queen's Bench in Ireland was equally divided in opinion on the subject, and the matter went up to the House of Lords. The House of Lords called for the opinions of the Judges who, after much hesitation, gave it as their unanimous opinion that the presence of a minister episcopally ordained was necessary to the validity of the marriage, and that the man must therefore be acquitted. The House of Lords was equally divided in opinion, Lord Brougham, Lord Domman, and Lord Campbell disagreed with the Judges, The Lord Chancellor (Lord Lyndhurst), Lord Cottenham, and Lord Abinger agreed with them Upon

